The Bangladesh Monitor - A Premier Travel Publication



পাসপোর্ট ইস্যুতে থাকছে না পুলিশ ভেরিফিকেশন

A Monitor Desk Report



ঢাকাঃ পাসপোর্ট ইস্যু ও নবায়নের ক্ষেত্রে এখন থেকে পুলিশ ভেরিফিকেশন বাধ্যতামূলক থাকছে না। মঞ্চালবার (৪ ফেব্রুয়ারি)স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের এক সূত্রে এ তথ্য জানা যায়।

এর আগে পাসপোর্ট সম্পর্কিত সমস্যা সমাধানের জন্য সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ড. নাসিমূল গণির সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়।

সভায় বলা হয়, এখন থেকে পাসপোর্ট ইস্যুর ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র ও জন্মনিবন্ধনকে মূল ভিত্তি হিসেবে ধরা হবে। এই দুটি সঠিক থাকলে পাসপোর্ট ইস্যুতে কোনো বাধা থাকার কথা নয়। উপদেষ্টা পরিষদের সভায় এমন মতামত উঠে আসার পর স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগ বিষয়টি নিয়ে কাজ শুরু করেছে।